



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 4
Class - 2

Subject : Bengali Grammar
Topic : বোধ পরীক্ষণ

Date : 08.07.2020

নীচের অংশটি পড়ে উত্তরগুলি লেখ।

গৃহস্থের ঘরের পিছনে বেগুন গাছ আছে। সেই বেগুন গাছের পাতা ঠোঁট দিয়ে সেলাই করে টুনটুনি পাখিটি তার বাসা বেঁধেছে।

বাসার ভিতরে তিনটি ছোট ছোট ছানা হয়েছে। খুব ছোট ছানা, তারা উড়তে পারে না। চোখও মেলতে পারে না। খালি হাঁ করে আর চিঁ চিঁ করে। গৃহস্থের বিড়ালটা ভারি দুষ্টু। সে খালি ভাবে 'টুনটুনির ছানা খাব'। একদিন সে বেগুন গাছের তলায় এসে বললে, 'কী করছিস লা টুনটুনি?'

টুনটুনি তার মাথা হেঁট করে বেগুন গাছের ডালে ঠেকিয়ে বললে, 'প্রণাম হই মহারানী!' তাতে বিড়ালনী ভারি খুশি হয়ে চলে গেল। এমনি সে রোজ আসে, রোজ টুনটুনি তাকে প্রণাম করে আর মহারানী বলে, আর সে খুশি হয়ে চলে যায়।

১) গৃহস্থের ঘরের পিছনে কী গাছ আছে?

উঃ গৃহস্থের ঘরের পিছনে বেগুন গাছ আছে।

২) টুনটুনি পাখিটি কী করে তার বাসা বেঁধেছে?

উঃ টুনটুনি পাখিটি বেগুন গাছের পাতা ঠোঁট দিয়ে সেলাই করে তার বাসা বেঁধেছে।

৩) বাসার ভিতর কী আছে?

উঃ বাসার ভিতর টুনটুনি পাখির তিনটি ছোট ছোট ছানা আছে।

৪) গৃহস্থের বিড়ালটা কেমন ছিল?

উঃ গৃহস্থের বিড়ালটা ভারি দুষ্টু ছিল।

৫) টুনটুনি বিড়ালনীকে কি বলে সম্বোধন করে প্রণাম করে?

উঃ টুনটুনি বিড়ালনীকে 'মহারানী' বলে সম্বোধন করে প্রণাম করে।

৬) শূন্যস্থান পূরণ কর।

গৃহস্থের বিড়ালটা খালি ভাবে 'টুনটুনির ছানা খাব'।

৭) অর্থ লেখ : ছানা

ছানা — শাবক।

৮) বাক্য রচনা কর : দুষ্টু

দুষ্টু — মোহনের ভাই খুব দুষ্টু।

৯) সমার্থক শব্দ লেখ : গাছ

গাছ — তরু।

১০) বিপরীত শব্দ লেখ : খুশি

খুশি — অখুশি।

১১) পদ পরিবর্তন কর : ঘর

ঘর — ঘরোয়া।

১২) 'পাখি' শব্দটির বহুবচনের রূপ লেখ।

উঃ 'পাখি' শব্দটির বহুবচনের রূপ হল 'পাখিরা'।